

ডিপ্লোমা ইন ইসলামিক ব্যাংকিং পরীক্ষা

পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী

- পরীক্ষা শুরুর কমপক্ষে ২০ মিনিট পূর্বে নির্ধারিত কক্ষে উপস্থিত হবেন।
- পরিদর্শকগণ পরীক্ষার্থীদেরকে পরীক্ষা শুরুর ১০ মিনিট পূর্বে উত্তরপত্র এবং ঘন্টা দেয়ার সাথে সাথে প্রশ্নপত্র প্রদান করবেন। পরীক্ষার্থীদের যথাসময়ে পরীক্ষার খাতা সংগ্রহ করে নাম, রোল, রেজিস্ট্রেশন, মেম্বারশীপ আইডি, বিষয় (কোড নং সহ) ও কেন্দ্রের নাম নির্ভুলভাবে পূরণ করতে হবে।
- পরীক্ষার্থীরা হাজিরা শীটে স্বাক্ষর প্রদান নিশ্চিত করবেন, অন্যথায় উক্ত পরীক্ষায় অনুপস্থিত হিসেবে গণ্য করা হবে। কোন পরীক্ষার্থী অসম্পূর্ণ পরীক্ষার খাতা জমা দিতে চাইলে কেবলমাত্র পরীক্ষা আরম্ভ হবার ০১ (এক) ঘন্টা পর তা পরিদর্শকের নিকট জমা দিতে পারবেন।
- পরীক্ষা শেষ হবার ১০/১৫ মিনিট পূর্বে প্রয়োজনে অতিরিক্ত শীট গ্রহণ ও সকল খাতার সেলাই নিশ্চিত করতে হবে।
- পরীক্ষা হলের সার্বিক কার্যক্রম সিসিটিভিতে প্রদর্শন ও রেকর্ড (প্রযোজ্য ক্ষেত্রে) সংরক্ষণ করা হবে।
- পরীক্ষা কেন্দ্রে মোবাইল বা অন্য যেকোন ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণভাবে নিষিদ্ধ।
- কোন প্রকার অসদুপায় অবলম্বন করলে (যেমনঃ বই, নোট, মোবাইল ফোন বা অন্য কোন ডিজিটাল মাধ্যম থেকে ইন্টারনেট ব্রাউজ করে উত্তর প্রদান) সংশ্লিষ্ট পরীক্ষা বাতিলসহ তার বিরুদ্ধে প্রাতিষ্ঠানিক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এইচআর এর পার্সোনাল ডাটা কার্ড (পিডিসি) তে এ সংক্রান্ত তথ্য রেকর্ড থাকবে।
- আইবিটিআরএ এর অনুমোদন ব্যতিত কোনভাবেই এক কেন্দ্রের পরীক্ষার্থী অন্য কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না, যদি কেউ অংশগ্রহণ করে থাকেন তাহলে বাতিল বলে গণ্য হবে।
- কোন ব্যক্তি যদি কোন পরীক্ষার্থীর পরীক্ষা দিয়ে থাকেন তাহলে উক্ত পরীক্ষাসহ দুই জনের পূর্বের সকল পরীক্ষা বাতিল এবং তাদের বিরুদ্ধে প্রাতিষ্ঠানিক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ নজরুল ইসলাম)
প্রিন্সিপাল, আইবিটিআরএ